গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
২৩-২৪, বিএফডিসি ভবন
কারওয়ান বাজার, ঢাকা।

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি : ডা.সঞ্জীব সূত্রধর (উপসচিব)
উপপরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
তারিখ ও সময় : ১৮/০৫/২০২৩; বেলা ১০.০০ ঘটিকা।
স্থান : সভাকক্ষ,মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।
উপস্থিতি : সংযুক্ত ( পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপপরিচালক ডা. সঞ্জীব সূত্রধর এর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার ১.৩ অংশে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিকে দ্বিতীয় সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত অংশীজনের (stakeholders)তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার বিষয়বস্তু ও কার্যক্রম ধারাবাহিকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্টকে উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩-এর বিকল্প ফোকাল পয়েন্ট ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের গণযোগাযোগ কর্মকর্তা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন জনহিতকর তথ্য জনগণের দোরগোড়ায় সহজে ও টেকসই উপায়ে পৌঁছে দিতে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক বর্তমান কার্যক্রমসহ বিভিন্ন মেয়াদী কর্মপরিকল্পনা অংশীজনের (stakeholders) সামনে পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে প্রদর্শন করেন। পরবর্তীতে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩-এর ফোকাল পয়েন্ট ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের তথ্য কর্মকর্তা( প্রাণিসম্পদ) সভার বিষয়বস্তু বর্ণনা করেন। এবং তিনি বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীন সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান ( সরকারি/বেসরকারি), আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ ও তাদের কর্মকর্তা-কর্মচারীদের অংশীজন হিসেবে বিবেচনা করে আজকের এই সভার আয়োজন করা হয়েছে। পাশাপাশি তিনি মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর কর্তৃক মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন প্রচার কার্যক্রম অংশীজনের (stakeholders) সামনে উপস্থাপন করেন।

**আলোচনা:** সভাপতি সভায় উপস্থিত অংশীজনদের (stakeholders) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের সেবা ও প্রচার কার্যক্রমকে আরো সহজলভ্য ও গতিশীল করতে মতামত প্রদানের জন্য আহ্বান করেন। মৎস্য অধিদপ্তর থেকে অংশগ্রহণকারী অংশীজনেরা (stakeholders) মতামত ব্যক্ত করে বলেন, প্রান্তিক পর্যায়ে প্রচার কার্যক্রমকে আরো জোরদার করতে পারলে, দেশের প্রান্তিক খামারী ও মৎস্যচাষী থেকে শুরু করে সাধারণ জনগণ মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত সকল অত্যাধুনিক লাগসই প্রযুক্তি ও গবেষণা সম্পর্কে জানতে পারবে। অন্যদিকে প্রাণিসম্পদ অধিদপ্তর থেকে অংশগ্রহণকারী অংশীজনেরা (stakeholders) মতামত ব্যক্ত করে বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রচার প্রসার সংক্রান্ত কার্যক্রমকে অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে করা গেলে সরকারের গৃহিত কর্মপরিকল্পনা এসডিজি(SDG)- ২০৩০, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ এবং ব-দ্বীপ পরিকল্পনা-২১০০ বাস্তবায়ন করা সহজ হবে। অন্যদিকে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট থেকে অংশগ্রহণকারী অংশীজনেরা (stakeholders) মতামত ব্যক্ত করে বলেন, আজকে এই সভায় অংশগ্রহণ করে এই দপ্তরের অনেক কার্যক্রম ও সেবা সম্পর্কে পুরোপুরি জানতে পেরেছি। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা যদি তথ্য প্রদানসহ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের অন্যান্য কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান করে তাহলে মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত সকল সেবা কার্যক্রম এ দপ্তরের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সহজে পৌঁছে যাবে। এছাড়া সভায় আগত অন্যান্য অংশীজন তথ্য দপ্তরের কার্যক্রম ও সেবা সম্পর্কে পজিটিভ মন্তব্য ব্যক্ত করে বলেন, মৎস্য ও প্রাণিসম্পদ খাতের টেকসই উন্নয়নে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ভূমিকা গুরুত্বপূর্ণ ।

০২. সভায় সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-২০২৩-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনার ১.৩ অংশে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের যে নির্দেশনা ছিলো তা আমরা বাস্তবায়নের চেষ্টা করছি। তিনি বলেন, অংশীজনদের নিয়ে এ ধরনের সভার আয়োজন করতে পারলে দপ্তরের কাজের যেমন স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা থাকে তেমনি দুর্নীতি প্রতিরোধে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

৩. বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| | |
|---|---|
| ১. | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের সকল কার্যক্রমকে আরো বেগবান করতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ ব্যবস্থা আরো দৃঢ় করতে হবে। |
| ২. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর নতুন নতুন উদ্ভাবনসহ অন্যান্য দপ্তর সংস্থার উদ্ভাবিত লাগসই প্রযুক্তি গুলো অগ্রাধিকার ভিত্তিতে প্রচার প্রসারের ব্যবস্থা করা। |
| ৩. | প্রান্তিক পর্যায়ে প্রচার কার্যক্রমকে আরো জোরদার করা। |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. সঞ্জীব সূত্রধর (উপসচিব)
উপপরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ ( জৈষ্ঠতার ভিত্তিতে নয়):
১. মহাপরিচালক,মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন,রমনা, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ি, ঢাকা।
৩. মহাপরিচালক,বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন,বিএফডিসি ভবন,কারওয়ান বাজার,ঢাকা।
৬. ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল,কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৭. অধ্যক্ষ মেরিন ফিশারিজ একাডেমি, কর্ণফুলী, চট্টগ্রাম-৪০০০।
৮. তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার,ঢাকা।
৯. তথ্য কর্মকর্তা (মৎস্য) মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার,ঢাকা।
১০. গণযোগাযোগ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার,ঢাকা।
১১. অডিয়ো ভিজ্যুয়াল ইকুইপমেন্ট মেকানিক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, কারওয়ান বাজার,ঢাকা।